বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(প্রশাসন শাখা)
www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং- ৭৫৮ -এ তারিখঃ- ২৭/০৮/২০২৪ খ্রিঃ

নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের নিম্নলিখিত প্রার্থীগণকে তাদের নামের পার্শ্বে বর্ণিত **"ব্যক্তিগত কর্মকর্তা"** পদে প্রচলিত ভাতাদিসহ জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১০ নং গ্রেডে বর্ণিত ১৬০০০-৩৮৬৪০/- টাকার বেতন স্কেলে কর্মে যোগদানের তারিখ হতে ০২ (দুই) বৎসরের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে শিক্ষানবিশ হিসেবে নিয়োগ প্রদান করা হলো। বিভাগীয় প্রার্থীগণ পে-প্রটেকশনের সুবিধা পাবেনঃ

| ক্রমিক নং | নিয়োগপ্রাপ্ত ব্যক্তির নাম ও পিতার/স্বামীর নাম | রোল নম্বর | নিয়োগকৃত পদের নাম |
|---|---|---|---|
| ১. | মো: জিহান হোসেন<br>পিতা: মো: বশির হোসেন | ১৩০০৪৫৬৭ | ব্যক্তিগত কর্মকর্তা |
| ২. | মো: নাজমুল হক<br>পিতা: মো: নিজাম উদ্দিন | ১৩০০০৯৮৩ | ব্যক্তিগত কর্মকর্তা |
| ৩. | শহীদুল্লাহ<br>পিতা: ইসহাক মিয়া | ১৩০০৩৫৯১ | ব্যক্তিগত কর্মকর্তা |

নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণকে আগামী ০১/০৯/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে অফিস সময়ে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের প্রশাসন শাখায় কাজে যোগদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।

**শর্তাবলীঃ-**

১. কোন প্রার্থী নির্দিষ্ট তারিখের মধ্যে কাজে যোগদান না করলে তার নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।
২. চাকুরীতে যোগদানের সময় বয়স, শিক্ষাগত যোগ্যতা, নাগরিকত্ব ও নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত অন্যান্য যোগ্যতার প্রমাণ স্বরূপ সকল প্রয়োজনীয় মূল/প্রভিশনাল সার্টিফিকেট দাখিল করতে হবে এবং বিভিন্ন কোটায় নিয়োগপ্রাপ্তদেরকে কোটার প্রমাণক যথাযথ কাগজাদি দাখিল করতে হবে।
৩. তিনি যদি বাংলাদেশের নাগরিক ব্যতীত অন্য কাউকে বিবাহ করেন অথবা কারো সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়ার প্রতিশ্রুতিবদ্ধ হন তবে তিনি নিয়োগের অযোগ্য মর্মে বিবেচিত হবেন।
৪. নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে নিয়োগের তারিখ হতে ০২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে থাকতে হবে।
৫. এই নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রদান করা হলো। শিক্ষানবিশকালীন তাকে বিনা নোটিশ বা কোন প্রকার কারণ প্রদর্শন ব্যতিরেকেই যে কোন সময় চাকুরীচ্যুত করা যাবে।
৬. তার শিক্ষানবিশকালীন আচরণ ও কাজ যদি অসন্তোষজনক হয় অথবা তিনি দক্ষতা অর্জন করতে পারবেন না বলে বিবেচিত হন তবে শিক্ষানবিশকাল শেষ হওয়ার পূর্বেই তাকে চাকুরী হতে বাদ দেয়া হবে।
৭. তার শিক্ষানবিশকালীন আচরণ ও কাজ-কর্ম সন্তোষজনক হলে এবং বিভিন্ন সময়ে নির্ধারিত পরীক্ষা ও প্রশিক্ষণে কৃতকার্যতা সাপেক্ষে তাকে চাকুরীতে স্থায়ী করার বিষয় যথাসময়ে বিবেচনা করা হবে।
৮. প্রার্থীকে চাকুরীতে যোগদানের সময় ১৯৬৬ সালের অস্থায়ী চাকুরী বিধি অনুযায়ী এই কোর্ট কর্তৃক নির্ধারিত ফরমে একটি প্রতিশ্রুতি (আন্ডার টেকিং) ফরম পূরণ করতে হবে।
৯. শিক্ষানবিশ হিসেবে নিয়োগপ্রাপ্ত কোন প্রার্থী বর্তমানে কোথাও চাকুরীরত থাকলে যোগদানের পূর্বে বর্তমান নিয়োগকর্তার নিকট হতে অবমুক্তকরণ পত্র (Release Order) দাখিল করতে হবে। এ সংক্রান্ত কোন তথ্য গোপন করা হলে শৃঙ্খলা (Discipline) ভঙ্গের দায়ে অভিযুক্ত হবেন।
১০. মুক্তিযোদ্ধার সন্তান হলে আপনি মুক্তিযোদ্ধার সন্তান এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/জেলা পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশনের চেয়ারম্যান/মেয়র কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।
১১. প্রযোজ্য ক্ষেত্রে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল বা সংশ্লিষ্ট অন্য কোন কর্তৃপক্ষ কর্তৃক মুক্তিযোদ্ধা সনদ/গেজেট যাচাই-বাছাইয়ান্তে আপনার সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার মুক্তিযুদ্ধে অংশগ্রহণের বিষয়টি সঠিক প্রমাণিত না হলে আপনার নিয়োগ বাতিল হবে এবং নিয়োগ পরবর্তী প্রাপ্ত সকল সুযোগ সুবিধা প্রত্যর্পণ করতে হবে।
১২. তাকে নিজ খরচে নির্ধারিত সিভিল সার্জন/মেডিকেল বোর্ড এর নিকট হতে তার পদের জন্য যোগ্য মর্মে শারীরিক ও মানসিক যোগ্যতার সনদ এবং মাদক পরীক্ষার (ডোপ টেস্ট) এর সনদ সংগ্রহ পূর্বক দাখিল করতে হবে।
১৩. কাজে যোগদানের পর যথানিয়মে প্রত্যেক প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন গ্রহণ করা হবে যা' অবশ্যই সন্তোষজনক হতে হবে।
১৪. কাজে যোগদানের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।

আদেশক্রমে,

স্বা/-
(মোঃ মিজানুর রহমান)
ডেপুটি রেজিস্ট্রার(প্রশাসন ও বিচার)
ফোনঃ ০২২২৩৩৮১৮৬৫
E-mail: mizanur.87rah@yahoo.com

স্মারক নং- ৭১১৫(ক) (৯)( -এ, তারিখঃ-২১/০৮/২০২৪খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২. রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

৩. রেজিস্ট্রার (বিচার), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

৪. অতিরিক্ত রেজিস্ট্রার........................................ (সকল), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

৫. প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬. চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, রুম নং-৫২৮, ৫মতলা, সি,জি,এ, ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

৭. উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা। ইহা বাংলাদেশ গেজেটে প্রকাশ করতঃ উহার ১৫ কপি অত্র কোর্টের প্রশাসন শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৮. ডি,ডি,ও, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।

৯. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা। (সুপ্রীম কোর্টের ওয়াবেসাইটে প্রচারের অনুরোধসহ)।

১০. হিসাব রক্ষণ কর্মকর্তা-১, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।

১১. সুপারিনটেনডেন্ট, সাধারণ ও সংস্থাপন শাখা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।

১২. মো: জিহান হোসেন, পিতা: মো: বশির হোসেন, স্থায়ী ঠিকানাঃ গ্রাম-মুনচুবদী, ডাকঘর-বরদিয়া, পোস্ট কোড-৩৬৪০, উপজেলা-মতলব (দঃ), জেলা-চাঁদপুর। বর্তমান ঠিকানাঃ গ্রাম-মুনচুবদী, ডাকঘর-বরদিয়া, পোস্ট কোড-৩৬৪০, উপজেলা-মতলব (দঃ), জেলা- চাঁদপুর।

১৩. মো: নাজমুল হক, পিতা: মো: নিজাম উদ্দিন, স্থায়ী ঠিকানাঃ ৪১, হোসেন উদ্দিন খান (২য় লেন) নবাবগঞ্জ, লালবাগ, ডাকঘর-পোস্তা, পোস্ট কোড-১২১১, থানা-লালবাগ, জেলা-ঢাকা। বর্তমান ঠিকানাঃ ৪১, হোসেন উদ্দিন খান (২য় লেন) নবাবগঞ্জ, লালবাগ, ডাকঘর-পোস্তা, পোস্ট কোড-১২১১, থানা-লালবাগ, জেলা-ঢাকা।

১৪. শহীদুল্লাহ, পিতা: ইসহাক মিয়া, স্থায়ী ঠিকানাঃ গ্রাম-পাড়াবানাইল, ডাকঘর-বানাইল, পোস্ট কোড-২৩১৬, উপজেলা-তাড়াইল, জেলা-কিশোরগঞ্জ। বর্তমান ঠিকানাঃ গ্রাম-পাড়াবানাইল, ডাকঘর-বানাইল, পোস্ট কোড-২৩১৬, উপজেলা-তাড়াইল, জেলা-কিশোরগঞ্জ।

21.08.24

(মোঃ ওমর হায়দার)
সহকারী রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন-০২২২৩৩৫১৭১৬
hayder.aradmin@supremecourt.gov.bd